'সমানী মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Major 1st Semester Examination, 2024

## BANGMAJ102-BENGALI

## ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান

Time Allotted: 2 Hours 30 Minutes — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *ছয়টি* প্রশ্নের উত্তর দাওঃ ২×৬ = ১২

(ক) প্রাচীন বাংলা ভাষার দুটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(খ) দ্বিস্বরের দুটি উদাহরণ দাও।

(গ) বাংলা ব্যঞ্জনধ্বনির সংখ্যা কয়টি ?

(ঘ) পদ কত প্রকার ও কি কি ?

(ঙ) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের সময়কাল নির্ণয় করো।

(চ) রূপমূল কাকে বলে ?

(ছ) কামরূপী উপভাষার ব্যবহার হয় এরকম দুটি জেলার উল্লেখ করো।

(জ) ধ্বনি পরিবর্তনের দুটি কারণ উল্লেখ করো।

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) মৌলিক বা স্বয়ংসিদ্ধ শব্দ কাকে বলে ?

(খ) ভারতীয় ভাষাবংশ কয়টি ও কি কি ?

(গ) নাসিক্যীভবন কাকে বলে ? উদাহরণ দাও।

(ঘ) 'লোকনিরুক্তি' কাকে বলে ? উদাহরণ দাও।

(ঙ) করিয়া > কইর‍্যা > করে — এখানে ধ্বনি পরিবর্তনের কোন্ নিয়ম কার্যকর হয়েছে ? যুক্তি দিয়ে বুঝিয়ে দাও।

(চ) লিপ্যন্তর করোঃ (I.P.A)

চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা,
মুখ তার শ্রাবস্তীর কারুকার্য;

৩। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×২ = ১২

(ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা কী ? এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(খ) যে-কোনো একটি বাংলা উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(গ) ভাষাতাত্ত্বিক টীকা লেখোঃ (যে-কোনো *দুটি*)

জোড়কলম, স্বরসংগতি, অপভাষা, মিশ্রভাষা।

(ঘ) সর্বনাম পদ কাকে বলে ? কয় প্রকার ও কী কী ?

৪। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ধ্বনি পরিবর্তনের মূল সূত্রগুলি আলোচনা করো।

(খ) মধ্য বাংলা ভাষার কালসীমা উল্লেখ করো। এই স্তরের ভাষাকে কয়টি ভাগে ভাগ করা হয় ও কি কি ? যে-কোনো একটি স্তরের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) মৌলিক স্বরধ্বনি কয়টি ও কি কি ? বাংলা মৌলিক স্বরধ্বনির উচ্চারণ স্থান অনুযায়ী আলোচনা করো।

(ঘ) শব্দার্থ পরিবর্তনের মূল কারণ ও সূত্রগুলি আলোচনা করো।

——×——